যুগান্তর

তারিখ 4 APR 2017
পৃষ্ঠা 2 কলাম 7

জাতীয় বিশ্ববিদ্যালয়

# স্নাতক ও সার্টিফিকেট কোর্সের দ্বিতীয় বর্ষের ফল প্রকাশ

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০১৫ সালের স্নাতক পাস ও সার্টিফিকেট কোর্স দ্বিতীয় বর্ষ পরীক্ষার ফল সোমবার বিকালে প্রকাশিত হয়েছে। সারা দেশের এক হাজার ৭২৯টি কলেজের মোট ৬৯১টি কেন্দ্রে এক লাখ ৬৯ হাজার ৩৪ জন এ পরীক্ষায় অংশগ্রহণ করে এক লাখ ৬১ হাজার ৫৫ জন উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণের হার ৯৫.২৮ শতাংশ। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu.bd) ও (www.nubd.info) থেকে ফল পাওয়া যাবে।